

Third India-Bhutan Development Cooperation Talks

June 28, 2021

তৃতীয় ভারত-ভুটান উন্নয়ন সহযোগিতা আলোচনা

জুন ২৮, ২০২১

তৃতীয় ভারত - ভুটান উন্নয়ন সহযোগিতা আলোচনা, ২৮শে জুন 2021 তারিখে ভারুয়াল মোডে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের সচিব (অর্থনৈতিক সম্পর্ক) শ্রী রাহুল ছাবড়া, এবং ভুটানের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন ভুটানের রয়্যাল সরকারের পররাষ্ট্র সচিব মিঃ কিংসিংয়ে। ভুটানে ভারতের রাষ্ট্রদূত শ্রীমতি রুচিরাকশুজও আলোচনায় অংশ নিয়েছিলেন।

দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগিতা আলোচনা ভুটানের সাথে ভারতের বিকাশের সম্পূর্ণ অংশীদারিত্বের পর্যালোচনা করার জন্য একটি গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক কার্যপ্রণালীর প্রক্রিয়া। ভারত সরকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য এবং ৪,৫০০ কোটি টাকা এবং ভুটানের দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনা (2018 - 2023) চলাকালীন ট্রানজিশনাল ট্রেড সাপোর্ট সুবিধার জন্য 400 কোটি টাকার প্রতিশ্রুতি প্ৰদান করেছে। 77 টি বড় ও মাঝারি প্রকল্প এবং ৫২৪ টি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসডিপি) / উচ্চ প্রভাব গোষ্ঠী উন্নয়ন প্রকল্পগুলি (এইচআইসিডিপি) দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায় বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে।

ভুটানের দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনা (2018-2023) এর তৃতীয় বছর শেষ হওয়ার সাথে সাথে, দু'পক্ষ চালু থাকা প্রোজেক্ট টাইড অ্যাসিস্টেন্স (পিটিএ) প্রকল্পগুলির সামগ্রিক অগ্রগতি, পাশাপাশি এসডিপি / এইচআইডিডিপি গুলি নিয়ে পর্যালোচনা করেছে। ভুটানের পররাষ্ট্রসচিব ভুটানের আর্থ-সামাজিক রূপান্তরে ভারতের ভূমিকার প্রশংসা করেছেন এবং ত্বনমূল পর্যায়ে এইচআইডিডিপিগুলির প্রভাবের উপরেও রেখাপাত করেছেন। তিনি COVID-19 মহামারীকে সামনে রেখে বিভিন্ন প্রকল্পের জন্য তহবিল প্রকাশের জন্য ভারতের বোঝা বহন করার মানসিকতার প্রশংসা করেছেন। আলোচনা চলাকালীন উভয় পক্ষই সড়ক পরিকাঠামো, জল ব্যবস্থাপনা, শিল্প উদ্যান

এবং কোভিড -১৯ পরিচালনাসহ বিভিন্ন ক্ষেত্রে নতুন কিছু পিটিএ প্রকল্প বাস্তবায়নে সম্মত হয়েছে।

ভারত ভুটানের সাথে তার বিশেষ সুবিধাপ্রাপ্ত অংশীদারিত্বকে গভীরভাবে মূল্য দেয়। ভারতীয় পক্ষ ভুটানকে তার উন্নয়নের প্রয়াসে সমর্থন অব্যাহত রাখতে বদ্ধপরিকর।

পারস্পরিক সম্মত তারিখে পরবর্তী উন্নয়ন সহযোগিতা আলোচনার বিষয়ে উভয় পক্ষ সম্মত হয়েছে। দু'দেশের মধ্যে বিশেষ সম্পর্ককে সামনে রেখে বন্ধুত্বপূর্ণ পরিবেশে উন্নয়ন সহযোগিতা আলোচনা অনুষ্ঠিত হয়।

নিউ দিল্লি

জুন ২৮, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.